# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answer with Explanation

1. (c) সম্প্রতি আইভোরি কোস্ট '১৯৯২ ইউনাইটেড নেশনস ওয়াটার কনভেনশনে'র ৫৩তম সদস্য দেশ হিসাবে অন্তর্ভুক্ত হল। পূর্বে চাদ, সেনেগাল (২০১৮), ঘানা, গিনি-বিসাউ, টোগো (২০২১), ক্যামেরুন (২০২২) সালে এর সদস্য দেশ হিসাবে অন্তর্ভুক্ত হয়েছে।

2. (c) ২২ জুলাই সারা বিশ্বজুড়ে 'Pi Approximation Day' পালিত হয়ে গেল। গণিত শাস্ত্রে পাই-এর গুরুত্ব বোঝাতে এই দিনটি পালন করা হয়ে থাকে। অ্যাচিভার্স

3. (c) সম্প্রতি লাললিয়ানজুয়ালা ছাংতে, ২০২৩-২৪ সালের এআইএফএফ মেন'স ফুটবলার অফ দ্য ইয়ার' হিসাবে পুরস্কৃত হয়েছেন।

4. (b) ২০ জুলাই রাষ্ট্রসংঘ কর্তৃক সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল মুন ডে পালিত হয়ে গেল, যার এবছরের থিম হল- 'Illuminating the Shadows'.

5. (c) ২২ জুলাই সারা দেশজুড়ে ন্যাশনাল ফ্ল্যাগ অ্যাডপশন ডে পালিত হয়ে গেল। ১৯৪৭ সালের ২২ জুলাই গণপরিষদ কর্তৃক ভারতের জাতীয় পতাকা গ্রহণের দিনটির স্মরণে এই দিনটি পালিত হয়ে থাকে। অ্যাচিভার্স

6. (b) চলতি বছরের ১৫-১৮ অক্টোবর নতুন দিল্লিতে অষ্টম ইন্ডিয়া মোবাইল কংগ্রেস অনুষ্ঠিত হতে চলেছে; যার থিম হিসাবে নির্বাচিত হয়েছে-'The Future is Now'.

7. (a) সম্প্রতি ভারতের অলিম্পিক মেডেল জয়ী প্রাক্তন শুটার অভিনব বিন্দ্রা ইন্টারন্যাশনাল অলিম্পিক কমিটি কর্তৃক 'অলিম্পিক অর্ডার' সম্মানে ভূষিত হয়েছেন। তিনি ২০০৮ সালে চীন অলিম্পিকে সোনার মেডেল জয়লাভ করেছেন।

8. (a) সম্প্রতি এস্টোনিয়ার প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হয়েছেন ক্রিস্টেন মাইকেল। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী কাজা কাল্লাসে'র স্থলাভিষিক্ত হলেন।

9. (c) সম্প্রতি ফেডারেল ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন কে ভি শুভ্রমনিয়ান। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী শ্যাম শ্রীনিবাসনে'র স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

10. (b) সম্প্রতি ইউরোপীয়ান স্পেস এজেন্সি (ESA) নামক মহাকাশ গবেষণা সংস্থা অ্যাস্টরয়েড সংক্রান্ত বিষয়ে গবেষণা করার জন্য ২০২৮ সাল নাগাদ 'Rapid Apophis Mission for Space Safety (RAMSES) চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

11. (d) চলতি বছরের জুলাই মাসে প্রকাশিত হেনলি পাসপোর্ট ইন্ডেক্স অনুযায়ী ভারত ৮২তম স্থানে রয়েছে। এই তালিকায় প্রথম স্থানে রয়েছে সিঙ্গাপুর।

12. (d) সম্প্রতি হিন্দুস্তান শিপইয়ার্ড লিমিটেড নামক শিপবিল্ডিং কোম্পানি ভারতীয় নৌ বাহিনীর জন্য 'TRIPUT Yard 1258' প্রস্তুত করেছে। অ্যাচিভার্স

13. (c) এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক নাগপুর মেট্রো প্রোজেক্টের জন্য ২০০ মিলিয়ন মার্কিন ডলার অর্থ বরাদ্দ করেছে। প্রোজেক্টের আওতায় ৪৩.৮ কিমি মেট্রো পথে মোট ৩২টি স্টেশনের সংস্কার করা হবে।

14. (d) ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশন সম্প্রতি প্যারিস ও লস অ্যাঞ্জেলস অলিম্পিকের প্রিন্সিপাল স্পনসর হিসাবে নির্বাচিত হয়েছে ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড।

15. (a) সম্প্রতি Cashfree Payments India Private Limited নামক পেমেন্ট সংস্থা 'Payment Aggregator -Cross Border (PA-CB) হিসাবে কাজ করার জন্য আরবিআইয়ে'র অনুমোদন লাভ করেছে। অ্যাচিভার্স

16. (b) কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক সম্প্রতি মিজোরামের আইজলে ৫০০তম কমিউনিটি রেডিও স্টেশন 'Apna Radio 90.0 FM' চালু করেছে।

17. (d) সম্প্রতি কর্ণাটকের বেঙ্গালুরুতে অবস্থিত সদর কার্যালয় সহ Covrzy নামক বিমা কোম্পানি IRDAI-এর কাছ থেকে ডাইরেক্ট ব্রোকিং লাইসেন্স লাভ করেছে।

18. (c) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু রাষ্ট্রপতি ভবনের দরবার হলের নাম পরিবর্তন করে নতুন গণতন্ত্র মন্ডপ নাম রাখা হয়েছে। এদিন অশোক হলের নাম পরিবর্তন করে 'অশোক মন্ডপ' রাখা হয়েছে। অ্যাচিভার্স

19. (d) ২৭ জুলাই সারা দেশজুড়ে সিআরপিএফ ফাউন্ডেশন ডে পালিত হল। ১৯৩৯ সালের ২৭ জুলাই সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্স প্রতিষ্ঠিত হয়েছিল। তাই সেই দিনটির স্মরণে সারা দেশজুড়ে এই দিনটি পালিত হয়ে আসছে।

20. (d) সম্প্রতি এশিয়ান ডিজাস্টার প্রিপেয়ার্ডনেস সেন্টার-এর চেয়ারমান হিসাবে নিযুক্ত হলেন রাজেন্দ্র সিং। তিনি এই প্রতিষ্ঠানে ভারতের হয়ে প্রতিনিধিত্ব করবেন।

21. (c) কেন্দ্রীয় ইস্পাত মন্ত্রী এইচ ডি করুনাস্বামী ইস্পাতের আমদানি নানান তথ্য প্রদান করতে যে পোর্টাল চালু করেছে তার নাম হল-SIM 2.0 portal. অ্যাচিভার্স

22. (d) সম্প্রতি হিন্দুস্থান জিঙ্ক লিমিটেড নামক প্রতিষ্ঠান 'EcoEen' নামক এশিয়ার প্রথম লো-কার্বন গ্রিন জিঙ্ক প্রস্তুত করেছে। এটি পুনর্নবীকরনযোগ্য শক্তি উৎপাদনের জন্য ব্যবহৃত হয়ে থাকে।

23. (b) সম্প্রতি ইন্টারন্যাশনাল অলিম্পিক কমিটি'র সদস্য হিসাবে নিযুক্ত হলেন রিল্যায়েন্স ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা নীতা এম আম্বানি।

24. (a) ২৬তম শীতকালীন অলিম্পিক ও প্যারা অলিম্পিক উইন্টার গেমস -২০৩০ ফ্রান্সের ফ্রেঞ্চ আল্পস-এ অনুষ্ঠিত হবে।

25. (d) সম্প্রতি আসন্ন ৫৫ এবং ৫৬তম ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল অফ ইন্ডিয়া (IFFI), গোয়া'র ফেষ্টিভ্যাল ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন এস কে কাপুর।

26. (a) সম্প্রতি প্রয়াত বিশিষ্ট মারাঠি সাহিত্যিক হলেন ফ্রান্সিস ডি'ব্রিট্টো। তিনি ২০১৩ সালে সাহিত্য অ্যাকাডেমি ট্রান্সলেসন প্রাইজে ভূষিত হয়েছেন।

27. (b) কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবারকল্যান মন্ত্রক গর্ভবতী মহিলা এবং ৬ বছর বয়স পর্যন্ত শিশুদের 'Universal Immunization Programme' এর আওতায় নিয়ে আসার রেকর্ড নথিভুক্ত করতে সম্প্রতি U-WIN নামক পোর্টাল চালু করেছে।

28. (a) সম্প্রতি অনুষ্ঠিত ২০২৪ সালের বেলজিয়ান গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছেন ব্রিটেনের মার্সিডিজ ড্রাইভার লুইস হ্যামিল্টন।

29. (b) ২৭ জুলাই থেকে ৯ আগস্ট মঙ্গোলিয়ার উলানবাতারে অনুষ্ঠিত মাল্টিন্যাশনাল পীসকীপিং এক্সসারসাইজে'র নাম হল Khan Quest-2024 যেখানে ভারত অংশগ্রহণ করেছিল।

30. (c) সম্প্রতি ভেনেজুয়েলার প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন নিকোলাস মাদুরো মোরোস। তিনি এবারের নির্বাচনে মোট ৫১ শতাংশ ভোট পেয়েছেন।

31. (a) ২৯ জুলাই সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল টাইগার ডে পালিত হয়ে গেল, যে দিবসটি ২০১০ সালে প্রথম পালন করা শুরু হয়েছিল।

32. (d) ভারতীয় ডাকবিভাগ কার্গিল বিজয় দিবসের রজত জয়ন্তী উপলক্ষ্যে ৫টাকা মূল্যের স্মারক ডাকটিকিট প্রকাশ করেছে।

33. (d) সম্প্রতি অনুষ্ঠিত ২০২৪ সালের মহিলাদের এশিয়া কাপ টি-২০ ক্রিকেট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে শ্রীলঙ্কা। ফাইনালে তারা ভারতীয় মহিলা দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে।

34. (b) ভারতের রেগুলেটরি বডি সেবি বিনিয়োগকারীদের বিভিন্ন বিষয়ে তথ্য প্রদান করার জন্য এআই নির্ভর চ্যাটবট 'SEVA' চালু করেছে।

35. (d) সম্প্রতি এইচডিএফসি ব্যাঙ্ক 'NIIT Institute of Finance'-এর সহায়তায় 'ACE Banker Program'- চালু করেছে।

36. (a) সম্প্রতি Sriram Group নামক কোম্পানি 'asset reconstruction (ARC)- কোম্পানি হিসাবে ব্যবসা করার আরবিআইয়ের কাছ থেকে লাইসেন্স লাভ করেছে।

37. (c) ৩০ জুলাই সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড ডে এগেইনস্ট ট্রাফিকিং ইন পার্সন' পালিত হয়ে গেল। ২০১৪ সালে প্রথম এই দিবসটি পালিত হওয়া শুরু হয়েছিল।

38. (a) সম্প্রতি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক সারা দেশজুড়ে ১০০টি শহরে Solid Waste management and sanitation' চালু করতে ২০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ প্রদান করেছে। কেন্দ্রীয় সরকার কর্তৃক চালু করা স্বচ্ছভারত মিশনের আওতায় এই কর্মসূচী কার্যকরী হবে।

39. (d) সম্প্রতি ২৭ জুলাই কেন্দ্রীয় ভূবিজ্ঞান মন্ত্রক ১৮তম প্রতিষ্ঠা দিবস পালন করল। ২০০৬ সালের মিনিস্ট্রি অফ ওশ্যাল ডেভেলপমেন্ট রাষ্ট্রপতির অনুমোদনক্রমে মিনিস্ট্রি অফ আর্থ সায়েন্স হিসাবে পরিচিত লাভ করেছে।

40. (a) সম্প্রতি কলিঙ্গ ইনস্টিটিউট অফ ইন্ডাস্ট্রিয়াল টেকনোলজি নামক প্রতিষ্ঠান UN ECOSOC- কর্তৃক স্পেশাল কনসালটেটিভ স্ট্যাটাস লাভ করেছে।

41. (d) কেন্দ্রীয় শক্তি মন্ত্রক সম্প্রতি হরিয়ানার গুরুগ্রামে National Feeder Monitoring System (NFMS) Control Centre' গড়ে তুলেছে।

42. (a) ৩০ জুলাই সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ফ্রেন্ডশিপ ডে পালিত হয়ে গেল, যেটি ২০১১ সালে প্রথম পালন করা শুরু হয়েছিল।

43. (d) সম্প্রতি কুরাকাও নামক দেশ ক্যারিবিয়ান কমিউনিটি'র ষষ্ঠতম অ্যাসোসিয়েট সদস্য হিসাবে নিযুক্ত হয়েছে।

44. (a) ১ আগষ্ট সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব ডে পালিত হল।

45. (b) সম্প্রতি RBL Bank নামক বেসরকারি ব্যাঙ্ক UPI এবং NCMC বৈশিষ্ট্যযুক্ত রুপে ক্রেডিট কার্ড চালু করেছে। ভারতের প্রথম বেসরকারি ব্যাঙ্ক হিসাবে এই পরিষেবা চালু করেছে।

46. (a) সম্প্রতি বিশ্বের প্রথম দেশ হিসাবে চীন মোল্টেন থোরিয়াম সল্ট নির্ভর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র গড়ে তুলতে চলেছে।

47. (d) সম্প্রতি মাইক্রোসফট ইন্ডিয়া নামক কোম্পানি ভারতের সাইবার নিরাপত্তা বৃদ্ধির জন্য 'Pricewaterhousecoopers international Limited (PwC) সংস্থার সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

48. (c) কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক অ্যাপ্রেন্টেশিপ লাইফসাইকেল কার্যাবলীর জন্য সম্প্রতি NATS 2.0 নামক পোর্টাল চালু করেছে।

49. (a) সম্প্রতি, UN ECOSOC-এর প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন রবার্ট কেইথ রাই। তিনি বর্তমানে কানাডার স্থায়ী প্রতিনিধি হিসাবে রাষ্টসংঘে কর্মরত আছেন।

50. (b) ভারত, সম্প্রতি ইন্দো-প্যাসিফিক ইকনমিক ফ্রেমওয়ার্কের (IPEF)-এর অধীনস্থ সাপ্লাই চেন কাউন্সিল নামক সংস্থার ভাইস চেয়ারমান হিসাবে নির্বাচিত হয়েছে।

51. (c) ১ আগস্ট সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ফিনটেক ডে পালিত হয়ে গেল। অ্যাচিভার্স

52. (a) সম্প্রতি ইউপিএসসি'র চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন প্রীতি সুদান। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ডক্টর মনোজ সোনির স্থলাভিষিক্ত হলেন।

53. (a) ৩ আগস্ট নতুন দিল্লির ন্যাশনাল এগ্রিকালচারাল সায়েন্স সেন্টারে ৩২তম ইন্টারন্যাশনাল কনফারেন্স অন এগ্রিকালচারাল ইকনমিস্ট' আয়োজিত হয়ে গেল।

54. (b) সম্প্রতি দলজিৎ সিং চৌধুরি বর্ডার সিকিউরিটি ফোর্সের ডিজি হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি বর্তমানে সশস্ত্র সীমাবলের ডিজি হিসাবেও নিযুক্ত আছেন।

55. (a) সম্প্রতি নাগাল্যান্ড ভারতের প্রথম রাজ্য হিসাবে Disaster Risk Transfer Parametric Insurance Solution (DRTPS) চালু করেছে। অ্যাচিভার্স

56. (c) সম্প্রতি প্রয়াত ভারতের কিংবদন্তী ধ্রুপদী নৃত্য শিল্পীর নাম যামিনী কৃষ্ণমূর্তি। তিনি ১৯৬৮ সালে পদ্মশ্রী, ২০০১ সালে পদ্মভূষণ, ২০১৬ সালে পদ্মবিভূষণ সম্মানে ভূষিত হয়েছেন।

57. (d) সম্প্রতি আইআইটি মাদ্রাজ শিক্ষা প্রতিষ্ঠান, আইডিবিআই ব্যাঙ্কের সহায়তায় সাইবার সিকিউরিটি ল্যাব স্থাপন করতে চলেছে।

58. (a) সম্প্রতি প্রকাশিত 'India@100: Envisioning Tomorrow's Economic Powerhouse' নামক গ্রন্থের রচয়িতার নাম কে ভি শুভ্রমনিয়ান। তিনি ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ডের এগজিকিউটিভ ডিরেক্টর হিসেবে দীর্ঘদিন কর্মরত আছেন। অ্যাচিভার্স

59. (a) ৩ আগস্ট সারা দেশ জুড়ে ইন্ডিয়ান অর্গান ডোনেশন ডে পালিত হল; যার এবারের প্রচারাভিযান থিম হল— 'Angadaan Jan Jagrukta Abhiyaan'.

60. (a) সম্প্রতি নতুন দিল্লিতে 'নেটওয়ার্ক অপারেশনস সেন্টার' (NOC) গড়ে উঠল, যার আনুষ্ঠানিক উদ্বোধন করলেন কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য এম সিন্ধিয়া।

61. (d) সম্প্রতি ICMAI-এর ৬৭তম প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হয়েছেন বিভূতিভূষণ নায়েক। তিনি ওই পদে পূর্ববর্তী পদাধিকারী অশ্বিন দালওয়াড়ির স্থলাভিষিক্ত হলেন।

62. (b) সম্প্রতি ইউনাইটেড নেশনস কম্যান্ড (UNC) ইন সাউথ কোরিয়ার ১৮তম সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হয়েছে জার্মানি। প্রসঙ্গত উল্লেখ্য, ইউনাইটেড নেশনস কম্যান্ড ১৯৫০ সালের ৭ জুলাই প্রতিষ্ঠিত হয়েছিল। অ্যাচিভার্স

63. (a) ২০২৫ সালের পুরুষদের এশিয়া কাপ টি-২০ ক্রিকেট টুর্নামেন্ট আয়োজন করতে চলেছে ভারত। ২০২৭ সালের ওয়ান ডে এশিয়া কাপ ক্রিকেট টুর্নামেন্ট আয়োজিত হবে বাংলাদেশে।

64. (d) ইউনিটি স্মল ফিন্যান্স ব্যাঙ্কের এনডি এবং সিইও হিসাবে নিযুক্ত হয়েছেন ইন্দরজিৎ কামোত্রা। তিনি ২০২২ সালে প্রথম এই পদে নিযুক্ত হয়েছিলেন।

65. (c) সম্প্রতি কেন্দ্রীয় সরকার কর্তৃক ঘোষণা করা আদিচুনচানাগিরি ময়ূর স্যাঙ্কচুয়ারি কর্ণাটকে অবস্থিত। এদিন কেন্দ্রীয়, পরিবেশ, অরণ্য ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক কেরলের চোলান্নুয়ার অঞ্চলকে ময়ূর স্যাঙ্কচুয়ারি হিসাবে ঘোষণা করেছে।

66. (a) সম্প্রতি প্রয়াত ভারতের বিশিষ্ট গান্ধীবাদী নেত্রীর ও সমাজকর্মীর নাম হল শোভনা সীতারাম রানাডে। তিনি ২০১১ সালে পদ্মভূষণ এবং জামনালাল বাজাজ অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন। অ্যাচিভার্স

67. (d) সম্প্রতি অসম রাইফেলের ডিজি হিসাবে নিযুক্ত হলেন বিকাশ লেখরা। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী লেফটেন্যান্ট জেনারেল প্রদীপ চন্দ্রন নায়ারের স্থলাভিষিক্ত হলেন।

68. (c) ৬ আগস্ট মার্কিন যুক্তরাষ্ট্র কর্তৃক জাপানের হিরোসিমাতে পারমাণবিক বোমা নিক্ষেপ করার দিনটির স্মরণে হিরোসিমা ডে পালিত হয়ে থাকে।

69. (b) সম্প্রতি ভারতের কিংবদন্তী ক্রিকেটার দীনেশ কার্তিক দক্ষিণ আফ্রিকা প্রিমিয়ার টি-২০ ক্রিকেট লিগের বিপণনদূত হিসাবে নিযুক্ত হলেন। অ্যাচিভার্স

70. (b) সম্প্রতি ভারতীয় সেনাবিহিনী কর্তৃক লাদাখে যে সামরিক মহড়ার আয়োজন করা হয়েছিল তার নাম 'প্রভাত প্রহার'।

71. (a) সম্প্রতি তিউনিশিয়ার প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন কামেল মাদৌরি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী আহমেদ হাচানির স্থলাভিষিক্ত হলেন।

72. (d) সম্প্রতি বেসরকারি ডিবিএস ব্যাঙ্ক ইন্ডিয়া লিমিটেড বয়স্ক নাগরিকদের জন্য 'গোল্ডেন সার্কেল প্রোগ্রাম' চালু করেছে। এই স্কিমের আওতায় বয়স্ক নাগরিকদের ৭ শতাংশ হারে সুদ প্রদান করা হবে।

73. (a) সম্প্রতি স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন সি এস শেট্টি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী দীনেশ খারা'র স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

74. (c) ৬ আগস্ট তামিলনাড়ুর কোয়েম্বাটুরে অবস্থিত সুলুর এয়ারবেসে ভারতের প্রথম যে বহুজাতিক সামরিক মহড়া আয়োজিত হল তার নাম Tarang Shakti 2024।

75. (d) সম্প্রতি প্রয়াত হলেন বিশিষ্ট চীনা-মার্কিন পদার্থবিদ সাং-দাও লী, যিনি ১৯৫৭ সালে পদার্থবিদ্যায় নোবেল প্রাইজ পেয়েছিলেন।

76. (d) সম্প্রতি বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা হিসাবে নিযুক্ত হয়েছেন নোবেল জয়ী অর্থনীতিবিদ মহম্মদ ইউনূস।

**বিঃদ্রঃ–** অ্যাচিভার্সের মূল বইয়ে ৭৬ নম্বর প্রশ্নের উত্তর (d) দেওয়া থাকলেও এর সঠিক উত্তর অপশন (a) হবে। এই অনিচ্ছাকৃত ভুলের জন্য আমরা ক্ষমাপ্রার্থী।

77. (a) ৭ আগস্ট সারা দেশজুড়ে ন্যাশনাল হ্যান্ডলুম ডে পালিত হয়। অ্যাচিভার্স

78. (d) সম্প্রতি আর্মি ওয়েলফেয়ার এডুকেশন সোসাইটি ভারতীয় সাইন ল্যাঙ্গুয়েজকে প্রসারের উদ্দেশ্যে 'ISLRTC' এর সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

79. (d) ৯ আগস্ট সারা বিশ্বজুড়ে 'International Day of the World's Indigenous People' পালিত হল।

80. (d) সম্প্রতি প্রকাশিত 'World Trade Statistical Review 2023' অনুযায়ী কৃষিজ পণ্য রপ্তানীর নিরিখে ভারত অষ্টম স্থানে অবস্থান করছে।

81. (d) সম্প্রতি সংবাদ শিরোনামে আসা গুরু ঘাসিদাস-টেমর পিংলা টাইগার রিজার্ভ ছত্তিশগড়ে অবস্থিত।

82. (d) সম্প্রতি মাল্টি কমোডিটি এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া'র এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন প্রবীনা রাও। তিনি এই পদে পূর্ববর্তী পি এস রেড্ডির স্থলাভিষিক্ত হলেন।

83. (c) সম্প্রতি কেন্দ্রীয় পররাষ্ট্র মন্ত্রক 'Munal Satallite' প্রস্তুত করার জন্য নেপালের কোন সংস্থার সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

84. (a) সম্প্রতি Strobilanthes kunthiana গুল্ম প্রজাতির উদ্ভিদ IUCN-রেড লিস্টে অন্তর্ভুক্ত হয়েছে।

85. (b) সম্প্রতি ইন্ডিয়ান কাউন্সিল অফ এগ্রিকালচারাল রিসার্চ ৬১টি শস্যের ১০৯টি বিভিন্ন প্রজাতি'র আবিষ্কার করেছে। এই প্রজাতির উদ্ভিদগুলি বিভিন্ন পরিবেশের সঙ্গে মানিয়ে নিয়ে শস্য উৎপাদনে সক্ষম।

86. (d) ১২ আগষ্ট সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড এলিফ্যান্ট ডে পালিত হল। এই দিবসের থিম 'Personifying Pre Historic Beauty, Theological Relevance and environment importance'.

87. (c) ৫-৯ আগস্ট মালয়েশিয়া বায়ুসেনাবাহিনীর মধ্যে অনুষ্ঠিত দ্বিপাক্ষিক বায়ুসেনা মহড়ার নাম 'উদারা শক্তি-২০২৪'।

88. (c) সম্প্রতি ভারত ও শ্রীলঙ্কার সেনাবাহিনীর মধ্যে অনুষ্ঠিত যৌথ সামরিক মহড়া'র নাম 'Mitra Shakti 2024'। আন্তঃকার্যক্ষমতা এবং পারস্পরিক বোঝাপড়া বাড়ানোর লক্ষ্যেই এই সামরিক মহড়া আয়োজিত হয়েছে।

89. (c) সম্প্রতি স্কাইট্র্যাক্স কর্তৃক প্রদত্ত ভিস্তারা এয়ারলাইনস ভারতের/দক্ষিণ এশিয়ার শ্রেষ্ঠ এয়ারলাইন হিসাবে পুরস্কৃত হল।

90. (c) ১০ আগস্ট সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড লায়ন ডে পালিত হল। ২০১৩ সালে প্রথম এই দিবস পালন করা শুরু হয়েছিল।

91. (a) সম্প্রতি NHPC Ltd.-এর সিএমডি হিসাবে নিযুক্ত হলেন রাজকুমার চৌধুরি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী অভয় কুমার সিং-এর স্থলাভিষিক্ত হলেন।

92. (a) সম্প্রতি NBSL-এর সিইও হিসাবে নিযুক্ত হলেন ললিতা নটরাজ। এদিন ওই সংস্থার চিফ বিজনেস অফিসার হিসেবে নিযুক্ত হলেন রাহুল হান্ডা।

93. (d) সম্প্রতি ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর পলিউশন কন্ট্রোল ওয়েস্ট রিসাইক্লিং এক্সিলেন্স অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছে।

94. (d) নঞ্জরায়ান বার্ড স্যাঙ্কচুয়ারি, কিজুভেলি বার্ড স্যাঙ্কচুয়ারি ও তাওয়া রিজার্ভার রামসার সাইটের তকমা লাভ করেছে।

95. (b) সম্প্রতি মুম্বাইয়ের রুরাল ফিনটেক স্টার্টআপ নন-ব্যাঙ্কিং ফিন্যান্স কোম্পানি'র লাইসেন্স লাভ করেছে Jai Kisan।

96. (b) সম্প্রতি প্রয়াত ডিআরডিও'র বিশিষ্ট মিসাইল বিজ্ঞানীর নাম রাম নারাইন আগরওয়াল। তিনি অগ্নি মিসাইলের জনক হিসেবে পরিচিত।

97. (a) সম্প্রতি থাইল্যান্ডের প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন পি শিনাবাত্রা। তিনি এই পদে পি ওয়েচোয়াচাই-এর স্থলাভিষিক্ত হলেন।

98. (c) সম্প্রতি এস এস নায়ার তামিলনাড মার্কেন্টাইল বাঙ্কের এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে কৃষ্ণণ শঙ্কর শুভ্রমনিয়ামের স্থলাভিষিক্ত হলেন।

99. (a) সম্প্রতি প্রয়াত ভারতের উপকূলরক্ষী বাহিনীর প্রাক্তন ডিরেক্টর জেনারেলের নাম হল রাকেশ পাল। তিনি অতিবিশিষ্ট সেবা মেডেল, তটরক্ষক মেডেল প্রভৃতিতে ভূষিত হয়েছেন।

100. (a) ২০ আগস্ট 'ওয়ার্ল্ড মশকুইটো ডে' পালিত হল। ১৮৯৭ সালে ব্রিটিশ বিজ্ঞানী রোনাল্ড রস কর্তৃক ম্যালেরিয়া জীবাণুবাহী স্ত্রী অ্যানোফিলিস মশা আবিষ্কারের দিনটি স্মরণীয় করে রাখতে এই দিনটি পালিত হয়।

★★★